ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
গুলশান সেন্টার পয়েন্ট, প্লট: ২৩-২৬, রোড: ৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নং-৪৬.১০.০০০০.০০৫.১১.২৫২.১৮-১৯১

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮
১৭ মে ২০২১

**দৈনিক মজুরী ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি**

স্থানীয় সরকার বিভাগের ২০/১০/২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০২.১৮-১১০০ নং স্মারকের অনুমোদনের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরী ভিত্তিক (কাজ করলে মজুরী না করলে নেই) মোট ২০০ (দুইশত) জন **অদক্ষ শ্রমিক (পরিচ্ছন্নতা কর্মী)** নিয়োগ করা হবে। "কাজ করলে মজুরী না করলে নেই" শর্তে কাজ করতে আগ্রহী ও সু-স্বাস্থ্যের অধিকারী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

**শর্তাবলীঃ**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
২. আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
৪. (ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয় পত্র (ভোটার আইডি কার্ড)/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
(খ) যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদের সত্যায়িত ফটোকপি।
(গ) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ডিএনসিসি'র কাউন্সিলর কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তা/কাউন্সিলরের সুস্পষ্ট নাম, পদবী ও সিল অবশ্যই থাকতে হবে।
৫. সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা বরাবর আগামী ২২/০৬/২০২১ তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে এবং সিলগালাকৃত আবেদনপত্রের খামের উপর অবশ্যই "শ্রমিক (পরিচ্ছন্নতা কর্মী)" উল্লেখ করতে হবে।
৬. প্রার্থীর বয়স ০১/০৫/২০২১খ্রিঃ তারিখে ১৮ (আঠারো) থেকে ৩০(ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।
৭. এ নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী, দৈনিক মজুরী ভিত্তিক এবং ভবিষ্যতে কোনক্রমে রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না। নিয়োগ প্রাপ্তির পর প্রার্থী স্থায়ীকরণের আবেদন করতে পারবেন না এবং এ বিষয়ে বিজ্ঞ আদালতে আবেদন দায়ের করতে পারবেন না।
৮. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, একই প্রার্থীর একাধিক আবেদন ও বিলম্বে প্রাপ্ত আবেদনমূহ বাতিল বলে গণ্য হবে।
৯. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত অবস্থায় মৃত পরিচ্ছন্নতা কর্মী এবং ৫৯ বছরে চাকরি হতে অব্যাহতিপ্রাপ্ত কর্মীদের ওয়ারিশগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১০. এ নিয়োগে হরিজনদের জন্য সরকার নির্ধারিত কোটা অনুসরণ করা হবে।
১১. বিজ্ঞাপিত শ্রমিক সংখ্যা কম/বেশী হতে পারে। যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহার/অন্যান্য সকল অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭/৫/২১

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd

**অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ**

১। বিভাগীয় প্রধান (সকল)..............................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-......., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (তিনি বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ২টি দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)।
৬। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা।

## চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা চার কপি)

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম : দৈনিক মজুরি ভিত্তিক অদক্ষ শ্রমিক (পরিচ্ছন্নতা কর্মী) | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | তারিখ: দি ন মা স ব ৎ স র | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ৎ স র | ৬. জন্ম স্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | |
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | |
| ১৯. | আবেদনকারী হরিজন সম্প্রদায়ভুক্ত কি না? হ্যাঁ ☐ না ☐ | | |
| | [ হরিজন সম্প্রদায়ভুক্ত হলে উপযুক্ত সনদপত্র বা প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।] | | |
| ২০. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত অবস্থায় মৃত পরিচ্ছন্নতা কর্মীদের ওয়ারিশ ও ৫৯ বছর বয়সে কর্ম হতে অব্যাহতিপ্রাপ্ত কর্মীদের ওয়ারিশদের আবেদনের ক্ষেত্রে মৃত/ ৫৯ বছর বয়সে কর্ম হতে অব্যাহতি প্রাপ্ত স্কেলভূক্ত মাস্টাররোল কর্মীর নাম ও পদবি, পরিচিতি নম্বর, অঞ্চল/বিভাগ, মৃত্যু/কর্ম থেকে অব্যাহতি প্রাপ্তির তারিখ ও কর্মরত অবস্থায় মৃত/কর্ম হতে অব্যাহতিপ্রাপ্ত স্কেলভূক্ত কর্মীর সাথে আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি উল্লেখ করতে হবে। | কর্মরত অবস্থায় মৃত/কর্ম হতে অব্যাহতিপ্রাপ্ত স্কেলভূক্ত কর্মীর নাম ও আবেদনকারীর সাথে সম্পর্কঃ<br>পদবী ও কর্মস্থলঃ<br>পরিচিতি নম্বরঃ<br>মৃত্যুর তারিখ/ কর্ম হতে অব্যাহতি প্রাপ্তির তারিখঃ<br>মৃত্যুর নোটিশ/ কর্ম হতে অব্যাহতি প্রাপ্তির আদেশ নম্বরঃ | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ ☐☐☐☐☐☐☐☐

প্রার্থীর স্বাক্ষর